

## প্রেস বিজ্ঞপ্তি

খাদ্যশস্য উৎপাদনে দেশ আজ সয়ম্বর

- মাননীয় কৃষি মন্ত্রী

ঢাকা, ২১ ফাল্গুন, ১৪২৩ বঃ; ০৫ মার্চ, ২০১৭ খ্রিঃ

মাননীয় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এমপি বলেছেন মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে এবং দেশের জনগনের প্রচেষ্টায় ফসল উৎপাদনে দেশ এগিয়ে যাচ্ছে। দানা জাতীয় খাদ্যশস্য উৎপাদনে আজ আমরা সয়ম্বরতা অর্জন করার পাশাপাশি স্বল্প পরিসরে হলেও বিদেশে খাদ্যপণ্য রফতানী করছি। রোববার সকাল সাড়ে ১০টায় রাজধানীর বিএআরসিতে বাংলাদেশ উদ্যান বিজ্ঞান সমিতির জাতীয় কনভেনশন-২০১৭'র উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি খাদ্যপণ্য রফতানিকারকদের উদ্দেশ্যে বলেছেন খাদ্যপণ্য রফতানিতে মানের দিকে জোর দিতে হবে। তিনি আরও বলেন খারাপ মানের পণ্য রফতানি করে দেশের সম্মান ক্ষুণ্ণ করা হলে সংশ্লিষ্ট কাউকে ছাড় দেয়া হবে না। ভাল কাজ করলে পুরস্কার পাবেন আর খারাপ কাজ করলে তিরস্কার পেতে হবে।

উক্ত অনুষ্ঠানে তিনি আরও বলেছেন গত এক দশকে সবজি আবাদের জমির পরিমাণ ৫ শতাংশ হারে বেড়েছে। সবজি উৎপাদন বৃদ্ধির হারের দিক থেকে বিশ্বে বাংলাদেশ এখন ৩য়। এক সময় ভাল স্বাদের সবজির জন্য শীতকাল পর্যন্ত অপেক্ষা করতে হতো। সময় পালে গেছে, এখন প্রায় সারা বছরই জনগণ শীতকালীন সবজি হিসেবে পরিচিত টমেটো, লাউ, ফুলকপি, ইত্যাদিসহ ২০ থেকে ২৫ জাতের সবজি খেতে পারছেন।

মাননীয় কৃষি মন্ত্রী বলেন হাইব্রিড নিয়ে অনেকে নেতিবাচক কথা বলেছেন। কিন্তু এখন তার সুফল কৃষক ও জনগণ পাচ্ছে। আম উৎপাদনে আমরা বিশ্বের ৭ম ও পেয়ারা উৎপাদনে ৮ম। বিদেশি ফলে অনেকের আগ্রহ রয়েছে তাতে আমাদের সমস্যা নেই। কিন্তু আমার অনুরোধ দেশীয় ফলকে সমৃদ্ধ করতে হবে ও অগ্রাধিকার দিতে হবে।

বাংলাদেশ উদ্যান বিজ্ঞান সমিতির সভাপতি ড. আবুল কালাম আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৃষিবিদ ড. কাজী এম বদরুদ্দোজা আহমেদ, এফএও প্রতিনিধি Dr. Sue Lautze ও উদ্যান বিজ্ঞান সমিতির মহাসচিব ড. মদন গোপাল সাহা।

  
৫.৩.১৭  
বিবেকানন্দ রায়

সিনিয়র তথ্য অফিসার  
কৃষিমন্ত্রণালয়,

মোবাইল: ০১৭১১-৮১৫৮৮১

ফোন: ৯৫১৪৭৭৬

E-mail: vivekroy07@yahoo.com